

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আইসিটি ল্যাব ব্যবহারের আবেদন করার নিয়মাবলী:

- ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ওয়েবসাইট ([www.ictd.gov.bd](http://www.ictd.gov.bd)) থেকে কম্পিউটার ল্যাব ব্যবহারের নির্ধারিত ফর্ম ডাউনলোড করে তা পূরণ করতে হবে।
- ২। পূরণকৃত আবেদনটি ফোকাল পয়েন্ট ([istiyakbd@yahoo.com](mailto:istiyakbd@yahoo.com)) বরাবর ই-মেইল এর মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ৩। আবেদন প্রাপ্তির পর যাচাই-বাছাই শেষে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বাজেট/নির্ধারিত ফি এর পরিমাণ আবেদনকারীকে ই-মেইলে জানানো হবে।
- ৪। আবেদনকারী ই-মেইল প্রাপ্তির পর তা আইসিটি বিভাগের নির্দিষ্ট Bank হিসাবে ল্যাব ব্যবহারের নির্ধারিত ফি জমা দিতে হবে এবং আইসিটি বিভাগের ফোকাল পয়েন্টকে ই-মেইলে অবহিত করতে হবে।
- ৫। নির্ধারিত ফি প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ল্যাব ব্যবহারের অনুমতি পত্র আবেদনকারীকে ই-মেইলে প্রেরণ করা হবে।

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আইসিটি ল্যাব ব্যবহার সংক্রান্ত তথ্যাদি:

১. ল্যাব ব্যবহারের (প্রশিক্ষণ/ পরীক্ষা/সভা/সেমিনার/অন্যান্য) সরকারি ফি (ট্রেজারী চালানে জমা হবে) সরকারি বিধি মোতাবেক হারে।
২. ল্যাব রক্ষণাবেক্ষণের ভেন্যু ভাড়া- প্রশিক্ষণ/ পরীক্ষা/সভা/সেমিনার/অন্যান্য (আইসিটি বিভাগের নির্দিষ্ট Bank হিসেবে জমা হবে)।
৩. সমন্বয়কের {সরকারি বিধি মোতাবেক হারে, (যদি পরীক্ষা সংক্রান্ত ল্যাব ব্যবহার করা হয়} সম্মানী।
৪. কেন্দ্র পরিদর্শকের (সরকারি বিধি মোতাবেক হারে) সম্মানী।
৫. ল্যাব এ্যাটেন্ডেন্টের (সরকারি বিধি মোতাবেক হারে) সম্মানী।
৬. সাপোর্ট সার্ভিসের (সরকারি বিধি মোতাবেক হারে) সম্মানী।
৭. পরিচ্ছন্ন কর্মী (সরকারি বিধি মোতাবেক হারে) সম্মানী।
৮. প্রশ্নপত্র প্রণয়ন (বাংলা ও ইংরেজী) সম্মানী (যদি পরীক্ষা সংক্রান্ত ল্যাব ব্যবহার করা হয়)।
৯. পরীক্ষক ও প্রশ্নপত্র মূল্যায়নের (যদি পরীক্ষা সংক্রান্ত ল্যাব ব্যবহার করা হয়) সম্মানী।
১০. আপ্যায়ন ব্যয় (যদি পরীক্ষা সংক্রান্ত ল্যাব ব্যবহার করা হয়)
১১. আনুষঙ্গিক ও বিবিধ খরচ (পেপার, প্রিন্ট, কলম, টিস্যু, স্প্রে, হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক ইত্যাদি (যদি পরীক্ষা সংক্রান্ত ল্যাব ব্যবহার করা হয়)।